

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০১২.২৩.৫৫

তারিখ: ৬ চৈত্র ১৪৩০

২০ মার্চ ২০২৪

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)”
শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০৩ (তিন) বছর অর্থাৎ ডিসেম্বর ২০২৬ মেয়াদ বৃদ্ধি

সূত্র: পরিকল্পনা কমিশনের পত্র নং-২০.০২.০০০০০.০১৬.১৪.০০৪.১৮(অংশ-১).৮৫২ তারিখ: ০৫/০৩/২০২৪ খ্রি.

আমি, নিম্নস্বাক্ষরকারী, নির্দেশক্রমে ০১ জুলাই ২০১৯ হতে ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত মেয়াদে ১০২৭৫৩.০০ লক্ষ (এক হাজার সাতাশ কোটি তেপ্পান্ন লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন “শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটির মেয়াদ নিম্নলিখিত শর্তপালন সাপেক্ষে মোট ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ২য় বারের মতো ০৩ (তিন) বছর অর্থাৎ জুলাই ২০১৯ থেকে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করছি:

শর্তাবলী:

(ক) প্রকল্পের মেয়াদ আর বৃদ্ধি করা যাবে না এবং ডিসেম্বর ২০২৬ এর মধ্যে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিত করতে হবে;

(খ) প্রকল্পের চলমান ভৌতকাজ ত্বরান্বিতকরণের লক্ষ্যে নিয়োজিত ঠিকাদারের মবিলাইজেশন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(গ) দ্রুততম সময়ের মধ্যে দরপত্র আহবান করে মূল্যায়ন প্রক্রিয়া দ্রুতগতিতে সম্পনের মাধ্যমে অবকাঠামোগুলির নির্মাণকাজ শুরু করতে হবে;

(ঘ) সময়োপযোগি একটি কর্ম পরিকল্পনার আলোকে উক্ত মেয়াদের মধ্যে প্রকল্পের সকল কাজ সম্পন্ন করতে হবে;

(ঙ) নির্মাণকাজের গুণগতমান নিশ্চিত করতে হবে এবং এ লক্ষ্যে মন্ত্রণালয়/সংস্থার তদারকি জোরদার করতে হবে;

(চ) প্রকল্প সম্পর্কিত তথ্যাদি আইএমইডি'র পিএমআইএস (PMIS)-এ হালনাগাদ এন্ট্রি করে এ সম্পর্কিত তথ্য আইএমইডি'তে প্রেরণ; এবং

(ছ) প্রকল্প সমাপ্ত ঘোষণার পর যথাসময়ে (প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করে আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে অনুলিপি প্রেরণ করতে হবে।

...



২০ - ৩ - ২০ ২৪

নুসরাত জাহান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৬৬৭৯

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০১২.২৩.৫৫/১(১২)

তারিখ: ৬ চৈত্র ১৪৩০
২০ মার্চ ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ২) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৫) উপাচার্য, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ৬) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৮) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৯) প্রকল্প পরিচালক, “শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)”, শীর্ষক প্রকল্প, সিলেট।
- ১০) পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ১১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২০ - ৩ - ২০ ২৪

নুসরাত জাহান
সিনিয়র সহকারী সচিব